ক্রাউন অফিস এন্ড প্রকিউরেটর ফিসক্যাল সার্ভিস

[CROWN OFFICE AND PROCURATOR FISCAL SERVICE]

শোক সন্তপ্ত আত্মীয়স্বজনের জন্য তথ্যাবলী

... ...

মৃত্যু তদন্তে প্রকিউরেটর ফিসক্যালের ভূমিকা

আরো তথ্য এবং এই প্রকাশনাটি অন্য শৈলীতে পেতে চাইলে অনুগ্রহ পূর্বক দ্য ক্রাউন অফিস এন্ড প্রকিউরেটর ফিসক্যাল সার্ভিসের ওয়েবসাইট www.copfs.gov.uk এ ভিজিট করুন বা আমাদের সাথে 01389 739557 নম্বরে যোগাযোগ করুন।

এই পুস্তিকাটির উদ্দেশ্য	3
দ্য প্রকিউরেটর ফিসক্যাল এবং COPFS	3
আকস্মিক ও অস্পষ্ট কারণে মৃত্যু	3
সন্দেহজনক কারণে মৃত্যু	5
শিশু বা অপ্রাপ্তবয়স্ক কারো মৃত্যু	6
ময়না তদন্ত সংক্রান্ত পরীক্ষা	6
ময়না তদন্ত পরীক্ষা সম্পন্ন হবার পর পরবর্তী পদক্ষেপ	9
সবচেয়ে নিকটাত্মীয় স্বজনদের জন্য তথ্য পাওয়ার বন্দোবস্ত	10
পরবর্তী আরো তদন্ত	10
প্রকিউরেটর ফিসক্যালের সাথে যোগাযোগ	11
শোকসন্তপ্ত পরিবারদের জন্য সহায়তা ও তথ্যাবলীর বন্দোবস্ত	12

এই পুস্তিকাটির উদ্দেশ্য

একজন প্রিয় ব্যক্তির মৃত্যু হল একটি মানসিক বিপর্যয় ও সংকটময় মুহূর্ত। প্রকিউরেটর ফিসক্যালের ভূমিকা কি সেটি জানা না থাকলে মৃত্যুর ক্ষেত্রে তাদের সংশ্লিষ্টতা আত্মীয়স্বজনদের কাছে বিভ্রান্তিকর ও উদ্বেগের হতে পারে।

সুনির্দিষ্ট কিছু মৃত্যুর ক্ষেত্রে প্রকিউরেটর ফিসক্যালের ভূমিকা কি সেটি আত্মীয়স্বজনদের বুঝতে সাহায্য ও সেক্ষেত্রে তাদের করনীয় সম্পর্কে ব্যাখ্যা করতে এই পুস্তিকাটি ক্রাউন অফিস এন্ড প্রকিউরেটর ফিসক্যাল সার্ভিস (সি ও পি এফ এস) কর্তৃক প্রকাশিত হয়েছে।

দ্য প্রকিউরেটর ফিসক্যাল ও **COPFS**

প্রকিউরেটর ফিসক্যাল হল COPFS কর্তৃক নিয়োগপ্রাপ্ত পাশকরা আইনজীবীগন যারা লর্ড এডভোকেটের নির্দেশনা অনুযায়ী কাজ করেন। স্কটল্যান্ডে যে কোন মৃত্যুর ব্যাপারে আরো ব্যাখ্যার দরকার রয়েছে সেসব মৃত্যু তদন্তের দায়িত্ব লর্ড এডভোকেটের উপর বর্তায়। যুক্তরাজ্যের অন্যান্য এলাকাতে এই ধরনের মৃত্যু তদন্ত হয়ত করোনার (সন্দেহজনক মৃত্যুর কারণ তদন্তকারী অফিসার) মাধ্যমে করা হতে পারে।

মৃত্যু তদন্তের ক্ষেত্রে প্রকিউরেটর ফিসক্যালের দায় দায়িত্ব

স্কটল্যান্ডে কারো মৃত্যু হলে মৃত্যুর কারণ উল্লেখ পূর্বক একটি ডাক্তারি সার্টিফিকেট প্রদান না করা পর্যন্ত তাকে কবর দেয়া বা সমাহিত করা যায় না। এই সার্টিফিকেটটি অবশ্যই একজন চিকিৎসকের দ্বারা সম্পন্ন হতে হবে যেখানে অবশ্যই মৃত্যুর সময়, স্থান ও কারণ উল্লেখ থাকতে হবে।

আকস্মিক বা অস্পষ্ট কারণে অধিকাংশ মৃত্যুর ঘটনাগুলো প্রকিউরেটর ফিসক্যালের গোচরে আনতে হয় কারণ একজন চিকিৎসক মৃত্যুর কারণ নিশ্চিত করতে পারেন না যার ফলে তিনি একটি ডেথ সার্টিফিকেট প্রদান করতে পারেন না।

মৃত্যুটি সম্পর্কে প্রকিউরেটর ফিসক্যালকে জানানোর পর চিকিৎসক কর্তৃক ডেথ সার্টিফিকেট লেখা ও সেটি নিকটাত্মীয়ের কাছে প্রদান না করা পর্যন্ত সাধারণত মরদেহের দায়দায়িত্ব প্রকিউরেটর ফিসক্যালের উপর ন্যস্ত থাকে।

COPFS এর মধ্যে স্কটিশ ফ্যাটালিটিজ ইনভেস্টিগেশন ইউনিট (এস এফ আই ইউ) হল একটি বিশেষজ্ঞ ইউনিট যারা সকল আকস্মিক, সন্দেহজনক, দুর্ঘটনাজনিত ও অস্পষ্ট কারণে মৃত্যুর তদন্তের দায় দায়িত্ব বহন করেন। সারা দেশের প্রতিটি অঞ্চলে নির্দিষ্ট একটি SFIU দল রয়েছে, উত্তর অঞ্চলে (SFIU North), পূর্বে (SFIU East) ও পশ্চিমে (SFIU West) দল রয়েছে।

আকস্মিক ও অস্পষ্ট কারণে মৃত্যু

আকস্মিক ও অস্পষ্ট কারণে মৃত্যুর সকল ঘটনা প্রকিউরেটর ফিসক্যালকে জানাতে হবে। এই সব মৃত্যুর খবর সচরাচর একজন চিকিৎসক (একজন জেনারেল প্রাক্টিশনার (জিপি) বা হাসপাতালের একজন চিকিৎসক), পুলিশ বা স্থানীয় জন্ম, মৃত্যু ও বিবাহ নিবন্ধক প্রদান করেন।

আকস্মিক মৃত্যু

মৃত্যুর কারণ জানা যাক বা না যাক যদি একজন চিকিৎসক মনে করেন যে চিকিৎসা শাস্ত্রের বিধান অনুযায়ী মৃত্যুটি অপ্রত্যাশিত তাহলে সেটি “আকস্মিক মৃত্যু” হিসেবে বিবেচিত হবে।

অস্পষ্ট কারণে মৃত্যু

মৃত্যুর কারণটি যখন জানা যায় না বা চিকিৎসকের কাছে অস্পষ্ট থাকে তখন সেটিকে "অস্পষ্ট কারণে মৃত্যু" হিসেবে বর্ণনা করা হয়।

প্রকিউরেটর ফিসক্যালের নিকট জানানো

প্রকিউরেটর ফিসক্যালের কাছে কোন ব্যক্তির মৃত্যুর বিষয়টি জানানোর পর পরবর্তী কোন পদক্ষেপ নেয়া হবে কিনা সে সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব প্রকিউরেটর ফিসক্যালের উপর ন্যস্ত।

চিকিৎসকের সাথে আলাপ আলোচনার পর, উদাহরণ-স্বরূপ প্রকিউরেটর ফিসক্যাল হয়ত নিম্নোক্ত সিদ্ধান্ত নিতে পারেন, যেমন মৃত্যুর কারণ সম্পর্কে একমত হওয়া, ডেথ সার্টিফিকেট প্রদান এবং প্রকিউরেটর ফিসক্যাল কর্তৃক আর কোন পদক্ষেপ নেবার দরকার নেই এমন সিদ্ধান্ত গ্রহণ।

বিকল্পভাবে, এমনটি হতে পারে যে প্রকিউরেটর ফিসক্যাল সিদ্ধান্ত নিয়েছে তারা বিষয়টি আরো তদন্ত করে দেখবেন।

তদন্ত ও ডেথ সার্টিফিকেট

প্রকিউরেটর ফিসক্যালের কাছে মৃত্যুর বিষয়টি কেন জানানো হল সেটি বোধগম্য না হওয়া আত্নীয়স্বজনদের কাছে অস্বাভাবিক নয়। প্রায়শই আত্নীয়স্বজনেরা মনে করেন প্রিয় ব্যক্তিটির চিকিৎসার ইতিহাস ঘাঁটলে দেখা যাবে যে মৃত্যুর পূর্বে তিনি অসুস্থ ছিলেন, সুতরাং সহজেই একটি ডেথ সার্টিফিকেট ইস্যু করা যায়।

আরো ব্যাখ্যার প্রয়োজন রয়েছে কিনা সেটি বিবেচনায় আনতে প্রকিউরেটর ফিসক্যাল ও চিকিৎসক প্রয়াত ব্যক্তিটির অতীত চিকিৎসার বিষয়গুলো সর্বদা বিবেচনায় নেবেন। তবে, অসুস্থতার পূর্ব ইতিহাস থাকলেও ডাক্তারি পরীক্ষা নিরীক্ষার কারণে সর্বদা চিকিৎসকগণ হয়ত একটি ডেথ সার্টিফিকেট ইস্যু করতে পারবেন না।

এর অর্থ এই নয় যে মৃত্যুটি সন্দেহজনক বিবেচনায় সেটি প্রকিউরেটর ফিসক্যালকে জানানো হয়েছে।

এই পর্যায়ে প্রকিউরেটর ফিসক্যাল নিজেরাই আকস্মিক বা অস্পষ্ট কারণে ঘটে যাওয়া মৃত্যুটি নিয়ে তদন্ত করবেন না; মৃত্যুর কারণটি সন্দেহজনক হোক বা না হোক সাধারণত মৃত্যুটি তদন্তে করতে তারা পুলিশকে নির্দেশ দেবেন। আপনার প্রিয়জনের মৃত্যুটি প্রকিউরেটর ফিসক্যালকে জানানো হয়ে থাকলে এমনটি হতে পারে যে আপনি ইতিমধ্যে পুলিশের সাথে কথা বলেছেন বা পুলিশ অচিরেই আপনার সাথে টেলিফোনে বা সরাসরি যোগাযোগ করবে। কোন পরিস্থিতিতে মৃত্যু হয়েছে সে সম্পর্কে পুলিশ হয়ত আপনাকে আরো প্রশ্ন করতে পারে বা আপনার প্রিয়জনের মরদেহ নিয়ে আরো পরীক্ষা নিরীক্ষা চালানোর ব্যাপারে আপনার মতামত জানতে চাইতে পারে। আর এর সবকিছুই পুলিশের প্রতিবেদন আকারে প্রকিউরেটর ফিসক্যালকে জানানো হবে।

প্রাথমিক তদন্তে মৃত্যুর কারণ যদি চিহ্নিত করা না যায় বা মৃত্যুর কারণটি জানা রয়েছে এমনটি বোঝার পরেও যদি মৃত্যুকে ঘিরে আরো উদ্বেগ থাকে তাহলে সেক্ষেত্রে ময়না তদন্ত পরীক্ষার (যা "শবদেহ ব্যবচ্ছেদ বা অটোপ্সি" হিসেবেও পরিচিত) দরকার হতে পারে।

যে কোন ময়না তদন্ত একটি শবাগারে পাশকরা প্যাথলজিষ্টগন (মৃত্যুর কারণ চিহ্নিতকরণে বিশেষজ্ঞ চিকিৎসকগন) কর্তৃক পরিচালিত করা হবে।

সন্দেহজনক কারণে মৃত্যু

সন্দেহজনক কারণে মৃত্যু হয়েছে মনে করা হলে সকল মৃত্যুর বিষয়টি অবশ্যই প্রকিউরেটর ফিসক্যালের নিকট জানাতে হবে।

মৃত্যুকে ঘিরে এমন পরিস্থিতির যদি উদ্ভব হয় যেক্ষেত্রে ধারণা করা হয় যে অপরাধমূলক কোন কর্মকাণ্ডের ফলে মৃত্যু হয়েছে বা সেটি মৃত্যুর জন্য দায়ী তাহলে এটিকে "সন্দেহজনক কারণে মৃত্যু" হিসেবে বর্ণনা করা হবে। ঘটনাটি তদন্ত করতে প্রকিউরেটর ফিসক্যাল পুলিশকে নির্দেশ দেবেন এবং ফৌজদারি অপরাধ সংঘটিত হবার দায়ে অভিযোগ দাখিল করা যায় কিনা সেটি বিবেচনা করে দেখবে যার ফলে একটি মামলা দায়ের করা যেতে পারে।

মৃত্যুর জন্য দায়ী ব্যক্তিদেরকে চিহ্নিত করার পাশাপাশি ফৌজদারি অপরাধের তদন্তের সাহায্যের জন্য প্রাপ্ত সকল সাক্ষ্যপ্রমাণ জোগাড় যাতে নিশ্চিত করা যায় সেজন্য এই সব পরিস্থিতিতে সর্বদা একটি ময়না তদন্ত পরীক্ষা করার দরকার হয়।

মৃত্যুর সাথে সম্পর্কিত কারণে কারো বিরুদ্ধে যদি অভিযোগ গঠন করা হয় বা মৃত্যুর ঘটনাটির অপরাধের বিষয়ে তদন্ত যদি অব্যাহত থাকে তাহলে এমনটি হতে পারে যে পরবর্তীতে আরো একটি ময়না তদন্ত পরীক্ষার দরকার হতে পারে। এটিকে অনেক সময় বিবাদী পক্ষের ময়না তদন্ত বলা হয় কারণ এক্ষেত্রে অপরাধের সাথে অভিযুক্ত কোন ব্যক্তি (ব্যক্তিদের) পক্ষ থেকে ময়না তদন্ত করে দেখার অনুরোধ করা হয়েছে। আপনার প্রিয়জনের শবদেহটি যদি প্রকিউরেটর ফিসক্যালের রাখার দরকার হয় তাহলে সেটি আপনাকে জানানো হবে এবং কোন প্রেক্ষাপটে সেটি করা হচ্ছে সে বিষয়ে আপনাকে স্পষ্ট করে বলা হবে।

খুন বা নৃশংস হত্যা

আপনার কাছের কোন মানুষটি যদি কারো দ্বারা নৃশংসভাবে খুন বা হত্যার শিকার হয়ে থাকে তাহলে স্কটিশ সরকারের প্রকাশনার মধ্যে সে সম্পর্কে প্রকাশিত তথ্যাবলী পড়ার মাধ্যমে আপনি হয়ত উপকৃত হতে পারেন: Information for bereaved family and friends following murder or culpable homicide (খুন বা নৃশংস নরহত্যার ফলে নিহত ব্যক্তির শোকসন্তপ্ত পরিবার ও বন্ধুবান্ধবদের জন্য তথ্যাবলী)

আপনার প্রিয়জন যদি এই ধরনের ঘটনার ফলে মৃত্যুবরণ করেন তাহলে পুলিশী তদন্তের প্রথম দিকে এই প্রকাশনটির একটি কপি আপনার পুলিশ ফ্যামিলি লিয়াঁজো অফিসার আপনাকে প্রদান করবেন।

ঘৃণাজনিত অপরাধ

বিশেষ কোন জাতি, ধর্ম, যৌন পরিচয়, বহুকামী পরিচয় বা প্রতিবন্ধকতার জন্য কারো প্রতি বিদ্বেষের বশবর্তী হয়ে যদি অপরাধটি সংঘটিত হয় তাহলে সেটিকে বলা হয় বিদ্বেষের বশবর্তী অপরাধ বা ঘৃণাজনিত অপরাধ। আপনি যদি মনে করেন যে আপনার প্রিয় ব্যক্তিটির মৃত্যু এ ধরণের কোন অপরাধের কারণে হয়েছে তাহলে সেটি অনুগ্রহ পূর্বক পুলিশ ও প্রকিউরেটর ফিসক্যালকে জানাবেন। সকল বিদ্বেষমূলক অপরাধ দুর্বিষহ এবং এই ধরণের বিদ্বেষমূলক অপরাধের ক্ষেত্রে যেখানে আইনের পর্যাপ্ত নজির রয়েছে সেক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তিটির বিরুদ্ধে দায়ের করা অভিযোগে এটি অন্তর্ভুক্ত থাকবে।

আত্মহত্যার ফলে সংঘটিত মৃত্যু

ইচ্ছাকৃত বা নিজেকে নিজে ক্ষতি করার ঘটনার ফলে মৃত্যু হয়েছে এমনটি মনে করা হলে সে সব মৃত্যুর ব্যাপারে অবশ্যই প্রকিউরেটর ফিসক্যালকে জানাতে হবে। এটি করার একটি মূল কারণ হল সন্দেহজনক কারণে যে মৃত্যু হয়নি সেটি অমূলক প্রমাণ করা। এই ধরণের অধিকাংশ মৃত্যুর ক্ষেত্রে প্রকিউরেটর ফিসক্যাল একটি ময়না তদন্ত করার নির্দেশ প্রদান করবেন।

সড়ক দুর্ঘটনায় মৃত্যু

সড়ক দুর্ঘটনায় পতিত হবার কারণে আপনার নিকট আত্মীয় কেউ যদি নিহত হন তাহলে ব্রেক পাবলিকেশনে প্রকাশিত তথ্যাবলী পড়ার মাধ্যমে আপনি হয়ত উপকৃত হতে পারেন: Information and advice for bereaved families and friends following a death on the road in Scotland (স্কটল্যান্ডে সড়ক দুর্ঘটনায় নিহত ব্যক্তির শোকসন্তপ্ত পরিবার ও বন্ধুবান্ধবদের জন্য তথ্যাবলী ও পরামর্শ)

আপনার প্রিয়জন যদি এই ধরনের ঘটনার ফলে মৃত্যুবরণ করেন তাহলে পুলিশী তদন্তের প্রথম দিকে প্রকাশনাটির একটি কপি আপনার পুলিশ ফ্যামিলি লিয়াঁজো অফিসার হয়ত আপনাকে প্রদান করবেন।

শিশু বা অপ্রাপ্ত বয়স্ক কারো মৃত্যু

শিশু বা অপ্রাপ্ত বয়স্ক বাচ্চার আকস্মিক বা অনাকাঙ্ক্ষিত মৃত্যুর ফলে সংশ্লিষ্ট পিতামাতা যে মারাত্মক শোক ও মানসিক চাপে ভোগেন সেটি প্রকিউরেটর ফিসক্যাল অনুধাবন করে।

শিশু বা অপ্রাপ্ত বয়স্ক বাচ্চাটির মৃত্যুর ঘটনাটি যদি প্রকিউরেটর ফিসক্যালের গোচরে আনা হয় তাহলে সেই মৃত্যুর কারণটি চিহ্নিত করতে আরো তদন্ত করার নির্দেশ প্রদান করা হতে পারে। প্রকিউরেটর ফিসক্যাল হয়ত এমন সিদ্ধান্ত প্রদান করতে পারেন যে বিষয়টির ময়না তদন্ত পরীক্ষা সম্পন্ন করা দরকার।

ময়না তদন্ত পরীক্ষা

সকল সন্দেহজনক মৃত্যুর ক্ষেত্রে প্রকিউরেটর ফিসক্যাল একটি ময়না তদন্ত পরীক্ষা সম্পন্ন করার নির্দেশ প্রদান করবেন; প্রাথমিক পরবর্তী তদন্তের পরেও অস্পষ্ট সব মৃত্যুর ঘটনাগুলোতেও ময়না তদন্তের নির্দেশ দেয়া হবে; যে সব মৃত্যুর ঘটনার ব্যাপারে উদ্বেগ রয়েছে সেসব অন্যান্য কিছু কিছু ক্ষেত্রেও ময়না তদন্ত সম্পন্নের নির্দেশ দেয়া হবে।

প্রকিউরেটর ফিসক্যালের গোচরীভূত হবার পর পরই যথা সম্ভব শীঘ্রই একটি ময়না তদন্ত পরীক্ষা সম্পন্ন করা হবে এবং অধিকাংশ ক্ষেত্রে সেটি নিহত হবার কয়েক দিনের মধ্যেই সম্পন্ন হবে।

মৃত্যুর খবর পাবার পর ময়না তদন্ত পরীক্ষা সম্পন্ন করা হবে কিনা সেই সিদ্ধান্ত গ্রহণ প্রকিউরেটর ফিসক্যালের ব্যাপার। যদিও এক্ষেত্রে আপনার সম্মতি নেবার দরকার হয় না তবুও বিষয়টি যে প্রকিউরেটর ফিসক্যালের কাছে যেতে পারে এমনটি আপনাকে জানানো হলে আপনার কোন উদ্বেগ যদি থাকে তাহলে সেটি আপনি পুলিশ বা চিকিৎসকগনকে জানাবেন, প্রকিউরেটর ফিসক্যাল উদ্বেগের বিষয়টি সর্বদা বিবেচনা করে দেখবেন।

সনাক্তকরণ

ময়না তদন্ত সম্পন্ন করার পূর্বে অনেক সময় মরদেহের পরিচয় নির্ণয়ের জন্য একটি আনুষ্ঠানিক প্রক্রিয়া সম্পন্ন করা হতে পারে। এ কর্মটি অবশ্যই এমন কারো দ্বারা সম্পাদন করা হবে যিনি জীবিত থাকাকালীন সময় মৃত ব্যক্তিটিতে চিনতেন। বিষয়টি যেখানে সন্দেহজনক মনে হবে সেক্ষেত্রে মরদেহটি দুজন ব্যক্তির দ্বারা সনাক্ত করার দরকার হবে।

এটি সম্পাদনের জন্য সাধারণত নিহত ব্যক্তির একজন সবচেয়ে নিকট আত্মীয়কে অনুরোধ করা হবে যদিও অন্য কারো দ্বারা মরদেহটি সনাক্ত করা যেতে পারে। এই প্রক্রিয়াটি সম্পন্ন করতে সচরাচর শবাগারে যেতে হবে যেখানে ময়না তদন্ত পরীক্ষা সম্পন্ন করা হয়। উপস্থিত পুলিশ অফিসারগনের নিকট সনাক্তকরণ নিশ্চিত করতে হয় এবং প্রায়শই সেটি প্যাথলজিষ্টকেও জানাতে হয়। অপরিহার্য এই প্রক্রিয়াটি সম্পন্নকালীন সময়ে নিহতের আত্মীয়স্বজনের সাহায্যার্থে ও মানসিক বেদনা হ্রাসে সবকিছুই করা হবে।

দর্শন ও পরীক্ষার অনুমতি

স্কটল্যান্ডের ক্ষেত্রে কিছু কিছু পরিস্থিতিতে প্রকিউরেটর ফিসক্যাল একজন প্যাথলজিষ্টকে শবদেহটিকে কাটা ছেড়ার পরিবর্তে 'দর্শন ও ময়না তদন্তের অনুমতি প্রদান' এর অনুরোধ জানাতে পারে। এক্ষেত্রে প্যাথলজিষ্ট যেটি করবেন তা হল শবদেহটিকে বাহ্যিকভাবে সযত্ন ও পুঙ্খানুপুক্ষ পরীক্ষা এবং নিহতের চিকিৎসার অতীত রেকর্ড বিবেচনা করে দেখা।

এ ধরণের পরীক্ষা উপযুক্ত কিনা সেটি নির্ণয় করার ব্যাপার সংশ্লিষ্ট প্যাথলজিষ্টের উপর বর্তায় কারণ মৃত্যুর কারণ প্রত্যয়নে 'তাদের সবচেয়ে ভালো জ্ঞান ও বিশ্বাসমতে' সেটি যে সঠিক এই ঘোষণাটি দেবার তিনিই হলেন পেশাগত দায় দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি। তাদের সিদ্ধান্ত অবশ্যই সমর্থনযোগ্য হতে হবে তবে সেটি নিহত ব্যক্তির আত্মীয় হিসেবে শুধুমাত্র আপনার ও COPFS এর নিকট নয় বরং তা তাদের পেশাগত সহকর্মী ও পেশাজীবী সংস্থা যেমন জেনারেল মেডিকেল কাউন্সিলের কাছেও সমর্থনযোগ্য হতে হবে।

কাটা ছেড়া বিহীন ময়না তদন্তের বিকল্প অন্যান্য কলাকৌশল

যুক্তরাজ্যের অন্যান্য অংশে যেখানে 'দর্শন ও অনুমতি (ভিউ এন্ড গ্রান্ট)' ময়না তদন্তের সুবিধা নেই সেখানে মৃত্যুর কারণ নির্ণয়ের চেষ্টায় কাঁটা ছেড়া বিহীন অন্যান্য কলাকৌশল প্রয়োগ পূর্বক ময়না তদন্ত সম্পন্ন করার বিষয়টি বিবেচনা করা হয়, উদাহরণস্বরূপ শবদেহটির স্ক্যানিং এর ক্ষেত্রে ম্যাগনেটিক রেসনেন্স ইমেজিং (এম আর আই) পদ্ধতির ব্যবহার। স্কটল্যান্ডে কর্মরত প্যাথলজিষ্টদের মাঝে এ বিষয়ে যে মতামত বিদ্যমান আছে সেটি হল এমন যে এই পদ্ধতিটি শুধুমাত্র সেসব ক্ষেত্রে প্রযোজ্য হবে যে বিষয়গুলো তারা ইতিমধ্যে বিবেচনা করে দেখেছেন সেগুলো এবং যাদের অধিকাংশ ক্ষেত্রে 'দর্শন ও অনুমতি' ময়না তদন্ত সম্পন্নের মাধ্যমে ডেথ সার্টিফিকেট প্রদান করা হয়েছে সেগুলো। অতএব, মৃত্যুর কারণ নির্ণয়ে স্ক্যানিং পদ্ধতি অনুসরণ বর্তমানে স্কটল্যান্ডের ক্ষেত্রে উপযুক্ত পন্থা হিসেবে বিবেচনা করা হয় না।

টিস্যু বা কলা ও নমুনা সংগ্রহ

ময়না তদন্ত করা হলে বৈজ্ঞানিক পরীক্ষা নিরীক্ষার কাজের জন্য প্রায়শই সামান্য জীবতাত্ত্বিক নমুনা রাখা হতে পারে যার মধ্যে হতে পারে টিস্যু বা কলার নমুনা। মৃত্যুর কারণ চিহ্নিত করতে প্যাথলজিষ্টকে সাহায্য করতে এটি নেয়া হয়। এ সংক্রান্ত সব অনুসন্ধান সম্পন্ন হবার পর নমুনাটি চিকিৎসা সংক্রান্ত দলিলের অংশ হিসেবে রাখা হবে।

সংরক্ষিত অঙ্গসমূহ

যাতে করে অঙ্গটিকে আরো পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করা যায় সেজন্য অল্প কিছু ক্ষেত্রে প্যাথলজিষ্ট এমন সিদ্ধান্ত নিতে পারেন যে অঙ্গটি শবদেহ থেকে সরিয়ে ফেলতে হবে। অঙ্গ পরীক্ষার জন্য মাঝে মধ্যে কয়েক সপ্তাহ পর্যন্ত সময় লেগে যেতে পারে এবং অনেকসময় কয়েক মাসও লেগে যেতে পারে। আপনার প্রিয়জনের শবদেহটি আপনার কাছে ফিরিয়ে দেবার পর যদি অঙ্গটি আলাদাভাবে রেখে দেবার দরকার হয় তাহলে সেটি জানাতে প্রকিউরেটর ফিসক্যাল আপনার সাথে যোগাযোগ করবেন এবং প্রক্রিয়াটি সম্পর্কে আপনাকে আরো বিস্তারিত ব্যাখ্যা করবেন।

অঙ্গ ও টিস্যু বা কলা দান

মৃত্যু ব্যক্তিটি যদি তার অঙ্গ বা টিস্যু দান করার ইচ্ছা প্রকাশ করে থাকেন তাহলে যেখানে প্রযোজ্য সেসব ক্ষেত্রে সর্বদা শবদেহটির ময়না তদন্ত পরীক্ষার পূর্বে সেই ইচ্ছাটি পূরণ করা হবে। অঙ্গ এবং/বা টিস্যু প্রতিস্থাপনের ব্যাপারে যেসব ক্ষেত্রে মনস্থির করা হয়েছে সেসবের উপর কাজ করার জন্য COPFS ও স্কটিশ ট্রান্সপ্ল্যান্ট গ্রুপের মধ্যে সম্মত একটি চুক্তি রয়েছে।

হাসপাতাল কর্তৃক ময়না তদন্ত পরীক্ষা

আপনার প্রিয়জন হাসপাতালে মৃত্যুর পর ও সেটি প্রকিউরেটর ফিসক্যালের নিকট জানানোর পর তারা যদি সিদ্ধান্ত নেন যে মৃত্যুর প্রাথমিক কারণ নির্ণয়ে পরবর্তী কোন পদক্ষেপ বা তদন্তের দরকার নেই তবে সেক্ষেত্রে এমনটি হতে পারে যে হাসপাতালটি চিকিৎসা সংক্রান্ত কারণে হয়ত একটি ময়না তদন্ত সম্পন্ন করতে চাইতে পারে। উদাহরণস্বরূপ সেটি হয়ত চিকিৎসা সংক্রান্ত গবেষণা ও প্রশিক্ষণ সহায়তার উদ্দেশ্যে করা হতে পারে। এসব পরিস্থিতিতে হাসপাতাল কর্তৃক পরিচালিত ময়না তদন্তের ক্ষেত্রে প্রকিউরেটর ফিসক্যাল সাধারণত তাদের কোন আপত্তি জানাবে না তবে এখানে উল্লেখিত ময়না তদন্তের বাইরে হাসপাতাল কর্তৃক অন্য কোন ধরণের ময়না তদন্ত করতে চাইলে সেজন্য আপনার কাছ থেকে সম্মতি নেবার দরকার হবে।

ময়না তদন্ত পরীক্ষায় আপত্তি জানানো

ময়না তদন্ত সম্পন্ন হতে দেখার বিষয়টি যে মানসিক বিপর্যয়ের কারণ হতে পারে, এবং পাশাপাশি যে কোন পরীক্ষার ফলাফল জানতে অপেক্ষার কারণে সমাহিত করার প্রক্রিয়াটিতে বিলম্ব হলে সেটি শোকসন্তপ্ত বন্ধুবান্ধব ও পরিবারের জন্য যে অসুবিধার সৃষ্টি করতে পারে সেটি প্রকিউরেটর ফিসক্যাল অনুধাবন করতে পারেন।

এছাড়া প্রকিউরেটর ফিসক্যাল স্কটল্যান্ড ব্যাপী প্রচলিত নানা ধর্ম ও সংস্কৃতি বিশ্বাস ও তাদের স্ব স্ব প্রয়োজন ও চাহিদার প্রতিও সংবেদনশীল।

যে কোন কারণে আপনি যদি ময়না তদন্ত পরীক্ষা সম্পন্নের বিরোধী হন তাহলে আপনার পক্ষে যথা সম্ভব শীঘ্রই সেটি অনুগ্রহ পূর্বক সংশ্লিষ্ট চিকিৎসক এবং/বা পুলিশদেরকে জানাবেন।

ময়না তদন্ত পরীক্ষা সম্পন্ন করার নির্দেশ দেয়া হবে কিনা সেটি বিবেচনার জন্য প্রকিউরেটর ফিসক্যাল আপনার মতামত ও বিশ্বাসকে সর্বদা বিবেচনায় নেবেন এবং আপনার ইচ্ছাটিকে সর্বদা সম্মানের সাথে দেখবেন। দুর্ভাগ্যবশত সব সময় এই সব ইচ্ছার মর্যাদা দেয়া সম্ভব হয়ে ওঠে না, আর অনেক সময় সব কিছুর উর্ধ্বে একটি ময়না তদন্ত পরীক্ষার দরকার হয় বিশেষত মৃত্যুর ঘটনাটি যখন সন্দেহজনক মনে হয়।

ধর্মীয় ও সাংস্কৃতিক বিশ্বাস

ময়না তদন্ত পরীক্ষা সম্পন্নে সময় লাগার ব্যাপারটি নিয়ে প্রকিউরেটর ফিসক্যাল যারা SFIU এর মধ্যে কাজ করেন তারা ও প্যাথলজিষ্টগন যারা পরীক্ষা সম্পন্ন করেন তাদের উভয়ই যে সব বিশ্বাসের মানুষদের সাংস্কৃতিক ও ধর্মীয় বাধ্যবাধকতা অনুযায়ী মানুষ মৃত্যুর পর যথা সম্ভব শীঘ্রই সমাহিত করার বাধ্যবাধকতা রয়েছে সে ব্যাপারে সম্পূর্ণ অবগত আছেন। নিহতের ধর্ম পরিচয় জানা গেলে নিকটাত্মীয়দের কাছে মরদেহটি যথা সম্ভব শীঘ্রই ফেরত দিতে সঙ্গত সকল প্রচেষ্টা চালানো হয়।

SFIU এর ভিতরে প্রকিউরেটরস ফিসক্যাল ও প্যাথলজিষ্টগনরা অবশ্যই এই লক্ষ্য পোষণ করেন যে বিশেষত সব ক্ষেত্রে যথা সম্ভব শীঘ্রই সকল পরীক্ষাসমূহ যেন সম্পন্ন করা যায় সেটি তাতে তাদের ধর্ম বিশ্বাস যাই হোক না কেন।

ময়না তদন্ত পরীক্ষা সম্পন্ন হবার পর

ময়না তদন্তের পর মৃত্যুর কারণ উল্লেখ পূর্বক প্যাথলজিষ্ট মেডিকেল সার্টিফিকেটটি লিখবেন এবং এর পর সেটি একজন সবচেয়ে নিকট আত্মীয়ের কাছে দেয়া হবে।

সার্টিফিকেটে লিখিত মৃত্যুর কারণটি মৃত্যুর জন্য চূড়ান্ত লিপিবদ্ধ কারণ হতে পারে বা নাও হতে পারে। মৃত্যুর ব্যাপারে লিপিবদ্ধ কারণটি পরবর্তী কয়েক সপ্তাহের মধ্যে হয়ত পরিবর্তন হতে পারে বা এমনকি সেটিকে “অনিশ্চিত” বা “অজানা” বা এই ধরনের কারণ হিসেবে উল্লেখ করা হতে পারে। এটি এজন্য করা হয় যাতে করে প্যাথলজিষ্ট তাদের পরীক্ষার ফলাফল, রক্ত/টিস্যু/অঙ্গ বিশ্লেষণ ও পরিচালিত অন্যান্য পরীক্ষা নিরীক্ষা থেকে প্রাপ্ত সিদ্ধান্তগুলোকে এর মধ্যে বিবেচনা করে দেখার সুযোগ পান, এবং প্রাপ্ত এই তথ্যকে চূড়ান্ত মৃত্যুর কারণ হিসেবে লিপিবদ্ধ করতে পারেন।

<u>ডেথ সার্টিফিকেট পাওয়া</u>

ডেথ সার্টিফিকেটটি কীভাবে পাবেন সে ব্যাপারে পুরো দেশে হয়ত স্থানীয় ভিত্তিতে পার্থক্য থাকতে পারে। কিছু কিছু এলাকায়, শবাগার থেকে পুলিশ সার্টিফিকেটটি সংগ্রহ করেন এবং সবচেয়ে নিকট আত্মীয় হিসেবে সেটি তারা আপনার কাছে প্রদান করেন; অন্যান্য এলাকাতে অন্ত্যেষ্টিক্রিয়ার পরিচালক সেটি সংগ্রহ করেন; এবং অন্য কিছু এলাকার ক্ষেত্রে সেটি সংগ্রহের জন্য আপনাকে ব্যক্তিগতভাবে হয়ত শবাগারে যেতে হতে পারে।

আপনার এলাকাতে কীভাবে এটি পাওয়া যায় সে ব্যাপারে আপনার অন্ত্যেষ্টিক্রিয়া পরিচালক আপনাকে পরামর্শ প্রদান করতে পারবেন এবং মৃত্যু নিবন্ধনের ব্যাপারে তথ্য তারা আপনাকে জানাতে পারবেন। একটি মৃত্যুর ব্যাপারে কীভাবে নিবন্ধন করতে হয় সে সংক্রান্ত আরো তথ্যাবলী National Records of Scotland (NRS) (ন্যাশনাল রেকর্ড অফ স্কটল্যান্ড (এন আর এস) থেকে পাওয়া যাবে।

সবচেয়ে নিকটাত্মীয় ডেথ সার্টিফিকেটটি হাতে পাবার পর সাধারণত প্রকিউরেটর ফিসক্যালের উপর শবদেহটির আইনগত দায়দায়িত্ব বহাল থাকবে না।

পরিস্থিতি বিবেচনায় আরো তদন্ত কর্ম সম্পন্নের জন্য অল্প কিছু ক্ষেত্রে প্রকিউরেটর ফিসক্যালের কাছে শবদেহের দায়দায়িত্ব দীর্ঘ সময়ের জন্য হয়ত রাখার দরকার হতে পারে। এটি শুধুমাত্র খুব অল্প কিছু সংখ্যক মৃত্যুর ক্ষেত্রে হয় খুব সম্ভবত যেখানে মৃত্যুটিকে সন্দেহজনক হিসেবে মনে করা হয়। এমনটি যদি প্রয়োজন হয় তাহলে সংশ্লিষ্ট পুলিশ বা প্রকিউরেটর ফিসক্যাল আপনাকে সেটি অবহিত করবেন।

<u>নথিভুক্ত মৃত্যুর কারণে পরিবর্তন</u>

ময়না তদন্ত পরীক্ষাটি সম্পন্ন হবার সাধারণত 6 থেকে 8 সপ্তাহ পর সম্পূর্ণ ময়না তদন্ত প্রতিবেদনটি পাওয়া যাবে।

মূল ডেথ সার্টিফিকেটে লিপিবদ্ধ মৃত্যুর কারণ যদি পরিবর্তন করতে হয় তাহলে সেটি ময়না তদন্ত সম্পন্ন হবার সাধারণত 6 থেকে 8 সপ্তাহের মধ্যে করা হবে। লিপিবদ্ধ মৃত্যুর কারণ যদি পরিবর্তন হয় তাহলে যথা সম্ভব শীঘ্রই পরিবর্তনটি প্রকিউরেটর ফিসক্যাল চিঠির মাধ্যমে সবচেয়ে নিকট আত্মীয়কে জানিয়ে দেবেন।

মৃত্যুর চূড়ান্ত কারণ নির্ণয়ে বিলম্বের বিষয়টি যে পরিবারের জন্য মানসিক বেদনার কারণ হতে পারে সেটি প্রকিউরেটর ফিসক্যাল অনুধাবন করতে পারেন তবে এটি প্রক্রিয়াটি সম্পন্নের একটি অপরিহার্য দিক।

লিপিবদ্ধ মৃত্যুর কারণে কোন পরিবর্তন হলে সে ব্যাপারে আপনার করনীয় কিছু নেই কারণ আপনার পক্ষ থেকে প্রকিউরেটর ফিসক্যাল ন্যাশনাল রেকর্ড অফ স্কটল্যান্ডকে জানিয়ে দেবেন যারা এরপর সংশ্লিষ্ট স্থানীয় জন্ম, মৃত্যু ও বিবাহ নিবন্ধকের কাছে প্রয়োজনীয় সংশোধনটি জানিয়ে দেবেন। সংশোধিত মৃত্যুর কারণ উল্লেখ পূর্বক নতুন আরেকটি ডেথ সার্টিফিকেট আপনি কীভাবে পাবেন সে ব্যাপারে স্থানীয় নিবন্ধক আপনাকে পরামর্শ প্রদান করতে পারবেন। নতুন সার্টিফিকেট প্রস্তুত রয়েছে এই মর্মে NRS এর কাছ থেকে একটি চিঠি না পাওয়া পর্যন্ত অনুগ্রহ পূর্বক স্থানীয় নিবন্ধকের সাথে যোগাযোগ করবেন না।

সবচেয়ে নিকট আত্মীয়স্বজনদের জন্য তথ্য পাওয়ার বন্দোবস্ত

প্রিয়জনের মৃত্যু তদন্তের সাথে সম্পর্কিত প্রস্তুতকৃত তথ্যাবলী, যেমন ময়না তদন্তের প্রতিবেদন বা সড়ক দুর্ঘটনায় মৃত্যুর ক্ষেত্রে দুর্ঘটনা তদন্ত প্রতিবেদন পরিবারটি পেতে চাইলে সেগুলোর একটি কপি প্রকিউরেটর ফিসক্যাল তাদেরকে প্রদান করবেন।

যেসব পরিস্থিতিতে তথ্য জানানো হলে মৃত্যুর সাথে সম্পর্কিত অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে চলমান বা ঝুলে থাকা মামলাটির কর্মক্রম ব্যাহত হতে পারে শুধুমাত্র সেসব পরিস্থিতিতে প্রকিউরেটর ফিসক্যাল অনুরোধকৃত ডকুমেন্ট প্রদান করবেন না। তবে অপরাধ তদন্ত প্রক্রিয়া সম্পন্ন হবার পর এই ধরনের অনুরোধকৃত তথ্যাবলী পরিবারের কাছে প্রদান করা হবে।

প্রতিবেদনে উল্লেখিত তথ্যাবলী আপনার মানসিক বিপর্যয়ের কারণ হতে পারে এই বিষয়টি মাথায় রেখেই এই তথ্যাবলী প্রদানের ক্ষেত্রে যতটুকু সম্ভব সংবেদনশীলতা বজায় রাখা যায় প্রকিউরেটর ফিসক্যাল সেটি নিশ্চিত করবেন। উদাহরণ স্বরূপ, ময়না তদন্ত প্রতিবেদনটির ভাষা হল চিকিৎসা বিজ্ঞানের, এবং শুধুমাত্র সে কারণেই এটি পড়ে দেখা বেদনাদায়ক ও বুঝতে কঠিন মনে হতে পারে। আপনার জেনারেল প্রাক্টিশনার (জিপি) হয়ত আপনার পক্ষে প্রতিবেদনটি গ্রহণ করতে পারেন এবং তিনি এর পরিভাষা আপনাকে বুঝিয়ে দিতে পারবেন। আপনি এমনটি চাইলে অনুগ্রহ পূর্বক স্কটিশ ফ্যাটালিটিস ইনভেস্টিগেশন ইউনিট দলকে আপনার জিপির নাম ও ঠিকানা জানাবেন এবং পরবর্তীতে প্রকিউরেটর ফিসক্যাল প্রতিবেদনটির একটি কপি আপনার বাসার ঠিকানায় না পাঠিয়ে জিপির কাছে পাঠানোর বন্দোবস্ত করবে।

আরো তদন্ত

মৃত্যুর কারণ জানতে পারার পর কিছু কিছু তদন্ত কর্মক্রম শেষ হয়ে যায়, তবে অনেক মৃত্যু তদন্তের ক্ষেত্রে আরো তথ্য জানার প্রয়োজনে অনেকসময় দীর্ঘ মেয়াদী তদন্তের দরকার হয় যার মধ্যে রয়েছে জটিল কৌশলগত ও চিকিৎসা সংক্রান্ত বিষয় এবং বিশেষজ্ঞ মতামত চাওয়ার মত বিষয়গুলো। প্রকিউরেটর ফিসক্যালের তদন্ত সম্পন্নের পর ফ্যাটাল এক্সিডেন্ট ইঙ্কুয়্যারি (এফ এ আই) তদন্ত পরিচালনা করা হতে পারে।

<u>মারাত্মক দুর্ঘটনার ব্যাপারে তদন্ত</u>

একটি মারাত্মক দুর্ঘটনা তদন্ত হল আদালতে এক ধরনের শুনানি যেটি প্রকাশ্যে মৃত্যুর কারণটির তদন্ত করে। শুনানিটি একজন শেরিফের সভাপতিত্বে পরিচালিত হয় এবং এটি সাধারণত শেরিফ কোর্টে অনুষ্ঠিত হয়। কর্মস্থলে দুর্ঘটনার কারণে যদি কারো মৃত্যু হয় বা আইনি হেফাজতে থাকার সময় যদি মৃত্যু হয় যেমন কারাগারে বা পুলিশের হেফাজতে থাকাকালীন সময় তাহলে সেক্ষেত্রে একটি ফ্যাটাল এক্সিডেন্ট ইঙ্কুয়ারী পরিচালিত হবে। অন্যান্য ক্ষেত্রেও FAI তদন্ত করা যেতে পারে যদি COPFS মনে করে যে সেটি জনস্বার্থে করা দরকার। মৃত্যুর যথা শীঘ্রই সম্ভব COPFS একটি FAI সম্পন্ন করতে চায়।

FAI এর উদ্দেশ্য হল মৃত্যুকে কেন্দ্র করে পরিস্থিতিটিকে পরীক্ষা করে দেখা এবং জনসাধারণের উদ্বেগ বা নিরাপত্তার কোন কারণ চিহ্নিত করা এবং ভবিষ্যতে মৃত্যু ও দুর্ঘটনা প্রতিরোধ করা। একটি FAI প্রক্রিয়া সম্পন্ন করতে সাক্ষী সাবুদ জোগাড় ও তথ্য প্রমাণ প্রদানে অগ্রণী ভূমিকা পালনে প্রকিউরেটর ফিসক্যালের দায় দায়িত্ব রয়েছে, যদিও আগ্রহী অন্যান্য পক্ষগণও তাদের আত্মপক্ষ সমর্থন ও সাক্ষীদেরকে জেরা করতে পারেন।

FAI এর শেষে একজন শেরিফ একটি রায় ঘোষণা করবেন। রায়ে যা অন্তর্ভুক্ত থাকবে:

- কোথায় ও কখন মৃত্যুটি সংঘটিত হয়েছে
- মৃত্যুর কারণ
- এমন কিছু পূর্ব সতর্কতা যার মাধ্যমে মৃত্যুটি প্রতিরোধ করা যেতো
- পদ্ধতিগত কোন ত্রুটি যার ফলে মৃত্যুটি হয়েছে বা যেটি মৃত্যুর জন্য দায়ী
- মৃত্যু ঘটনাটির সাথে সম্পর্কিত আর অন্য কোন তথ্য

কোন ত্রুটি উদঘাটন বা ব্যক্তিবিশেষকে দোষারোপ FAI এর কাজের আওতায় পড়ে না।

প্রকিউরেটর ফিসক্যালের সাথে যোগাযোগ

মৃত্যুর বিষয়টি জানানোর পূর্বে

প্রকিউরেটর ফিসক্যালের নিকট আপনার প্রিয়জনের মৃত্যুর সংবাদটি জানানোর পূর্বে যে পুলিশ অফিসার বা চিকিৎসক যিনি মৃত্যু সংবাদটি অবহিত করার কাজ করছেন সর্বপ্রথম তিনিই আপনার জিজ্ঞাসাগুলোর উত্তরে সহায়তা করতে পারবেন। আপনার কোন প্রশ্ন, মন্তব্য ও উদ্বেগের বিষয়গুলো তিনি প্রকিউরেটর ফিসক্যালকে জানাবেন।

মৃত্যুর ঘটনাটি জানানোর পর

প্রকিউরেটর ফিসক্যালের কাছে আপনার প্রিয়জনের মৃত্যুর ঘটনাটি জানানোর পর আপনি যদি বিষয়টি নিয়ে তাদের সাথে আরো আলাপ আলোচনা করতে চান বা আপনার যদি বাড়তি তথ্যের দরকার হয় তাহলে অনুগ্রহ পূর্বক অফিস চলাকালীন সমরেয় মধ্যে আমারেদ ইনকুয়ারি পয়েন্রেট মাধ্যমে স্কটিশ ফ্যাটালিটিস ইনভেস্টিগেশন ইউনিরেট সাথে 01389 739557 নম্বরে টেলিফোন করে SFIU রএ সাথে কথা বলতে চাইবেন। কএটি রেফারেন্স নম্বর থাকলে সেটি অপারেরটকে জানালে তিনি আপনার সাহাযের্য যিনি সবচেয়ে উপযুক্ত তাঁর সাথে আপনাকে সংযোগ ঘটিয়ে দিতে পারবেন।

মামলাটি আদালতে গেলে, ময়না তদন্ত সম্পন্ন হবার পর আরো তদন্তের দরকার হলে বা একটি ফ্যাটাল এক্সিডেন্ট ইঙ্কুয়ারি করা হলে COPFS Victim Information and Advice (VIA) (COPFS ভিক্টিম ইনফর্মেশন এন্ড এডভাইজ (ভি আই এ) এর কর্মীরা আপনার সাথে যোগাযোগ করবেন। VIA কর্মীরা মামলাটির অগ্রগতির বিষয়ে আপনাকে তথ্য জানাতে পারবে এবং সহায়তা প্রদানকারী এজেন্সিদের সাথে তারা আপনাকে যোগাযোগ করিয়ে দিতে পারবেন।

ফৌজদারি মামলার সম্ভাবনা থাকলে বা ফ্যাটাল এক্সিডেন্ট ইঙ্কুয়ারির চিন্তাভাবনা করা হলে বা সড়ক দুর্ঘটনার কারণে মৃত্যু হলে যথা সম্ভব শীঘ্রই সঙ্গত সময়ের মধ্যে প্রকিউরেটর ফিসক্যালের সাথে দেখা করার জন্য নিকটতম আত্মীয়দেরকে আমন্ত্রণ জানানো হবে। তদন্ত চলাকালীন সময়ব্যাপী প্রকিউরেটর ফিসক্যাল নিহতের পরিবারের নিকটতম আত্মীয়স্বজনদের সাথে লিয়াঁজো বা যোগাযোগ বজায় রাখবেন যাতে করে যে কোন অগ্রগতির বিষয়টি তাদেরকে জানানো যায় ও কোন ধরনের সিদ্ধান্ত গ্রহণের সময় তাদের মতামতগুলোকে যাতে সযত্নে বিবেচনা যাতে নিশ্চিত করা যায় সেজন্য।

স্কটিশ ফ্যাটালিটিস ইনভেস্টিগেশন ইউনিট



শোকসন্তপ্ত পরিবারের জন্য সহায়তা ও তথ্য প্রদানের বন্দোবস্ত

The Scottish Cot Death Trust (দ্য স্কটিশ কট ডেথ ট্রাস্ট)

স্কটিশ কট ডেথ ট্রাস্ট (এস সি ডি টি) হল একটি দাতব্য সংস্থা যারা একজন বাচ্চার আকস্মিক ও অপ্রত্যাশিত প্রাণহানির কারণে শোকার্ত পরিবারদের সহায়তা ও তথ্য প্রদান প্রদান করে। এসব পরিবারদের সহায়তার জন্য যেখানে প্রযোজ্য এ ধরণের পরিবারদের বিস্তারিত প্রদানের মধ্যে দিয়ে COPFS SCDTকে সহায়তা প্রদানে সম্মতি হয়েছে যাতে করে সাহায্য ও পরামর্শের প্রস্তাবনা নিয়ে SCDT পরিবারদের সাথে যোগাযোগে সক্ষম হয়।

প্রকিউরেটর ফিসক্যালের কাছে একজন অপ্রাপ্ত বয়স্ক বাচ্চার মৃত্যুর বিষয়টি জানানোর পর অপরাধ মূলক কোন কর্মকাণ্ডের সাথে মৃত্যুর সংশ্লিষ্টতা বা সন্দেহ না থাকলে সেক্ষেত্রে মৃত্যুর দুই বা তিন দিনের মধ্যে প্রকিউরেটর ফিসক্যাল পরিবারের কাছে একটি চিঠি পাঠাবে, চিঠিতে তাদের বিস্তারিত SCDT এর কাছে প্রদানের প্রস্তাবনা থাকবে যদি সেটিতে পরিবারটির কোন আপত্তি না থাকে। চিঠিটির সাথে "Support for families after the sudden and unexpected death of a baby or young child" ("সাপোর্ট ফর ফ্যামিলিজ আফটার দ্য সাডেন এন্ড আনএক্সপেকটেড ডেথ অফ এ বেবি অর ইয়ং চাইল্ড") নামক SCDT এর একটি লিফলেট থাকবে। ট্রাস্টটি সাডেন আনএক্সপেকটেড ডেথ ইন ইনফ্যান্সি (এস ইউ ডি আই) এর সাথে সম্পৃক্ত পেশাজীবীদের শিক্ষাদীক্ষা ও প্রশিক্ষণও প্রদান করতে পারবে।

The Scottish Association for Mental Health (SAMH) দ্য স্কটিশ এসোসিয়েশন ফর মেন্টাল হেল্থ (এস এ এম এইচ)

SAMH হল একটি স্কটিশ দাতব্য সংস্থা যারা স্কটল্যান্ডের জনসাধারণের মানসিক স্বাস্থ্যের উন্নয়নে কর্মরত।

আত্মহত্যা প্রতিরোধে তাদের জাতীয় কর্মসূচীর অংশ হিসেবে তারা “After a Suicide” (“আফটার এ সুইসাইড”) নামক একটি প্রচারপত্র প্রকাশ করেছে। আত্মহত্যার কারণে নিহত পরিবারের নিকটতম আত্মীয়স্বজনদের যেসব বাস্তবমুখী সমস্যার মুখোমুখি হতে হয় সেটি, দুর্বিষহ মানসিক অবস্থার ব্যাপারে কথাবলা ও যে সব স্থানে সাহায্য পাওয়া যায় সেগুলোর ব্যাপারে তথ্য প্রদান পূর্বক তারা সাহায্য করার উদ্দেশ্য পোষণ করে। প্রকাশনটির একটি অংশে প্রকিউরেটর ফিসক্যালের ভূমিকার ব্যাপারে তথ্য দেয়া আছে এবং আত্মহত্যা তদন্তের সাথে সংশ্লিষ্ট প্রধান প্রধান সংস্থাদের প্রদত্ত বক্তব্য ভিডিও আকারে দেয়া আছে।

Cruse Bereavement Care Scotland (ক্রুস বিরেভমেন্ট কেয়ার স্কটল্যান্ড)

ক্রুস বিরিভমেন্ট কেয়ার স্কটল্যান্ড হল একটি দাতব্য সংস্থা যারা প্রিয়জনের মৃত্যুতে শোকার্ত যে কাউকে তাদের শোক ও ক্ষতি কাটিয়ে ওঠার ব্যাপারে সাহায্যের প্রচেষ্টা চালায়। প্রিয়জনের মৃত্যুতে শোকার্ত লোকজনদের বিনামূল্যে সেবা প্রদানে ক্রুস মূলত স্বেচ্ছাসেবকদের মাধ্যমে কাজ করে। মৃত্যু শোক ও ক্ষতির উপর ক্রুস ব্যক্তি ও প্রতিষ্ঠানদেরকে শিক্ষাদীক্ষা ও প্রশিক্ষণ প্রদান করে। COPFS কর্মীরাও *এই* প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্যে রয়েছে।

Petal (People Experiencing Trauma and Loss) (পেটাল (পিপল এক্সপিরিয়েন্সিং ট্রমা এন্ড লস)

খুন ও আত্মহত্যার কারণে নিহতের পরিবার ও বন্ধুবান্ধবদের জন্য পেটাল বাস্তবভিত্তিক ও মানসিক সহায়তা, এডভোকেসি, দলীয় ভিত্তিক সহায়তা ও কাউন্সেলিং পরিষেবা প্রদান করে।

Victim Support Scotland (ভিক্টিম সাপোর্ট স্কটল্যান্ড)

অপরাধের শিকার লোকজনদের সাহায্যার্থে ভিক্টিম সাপোর্ট স্কটল্যান্ড হল স্কটল্যান্ডের একটি শীর্ষস্থানীয় দাতব্য সংস্থা। অপরাধের শিকার ব্যক্তি, সাক্ষী ও আদালতে যাবেন নিহত ব্যক্তির এমন আত্মীয়স্বজন ও অপরাধে ক্ষতিগ্রস্ত অন্যদেরকে এরা মানসিক সহায়তা, বাস্তবসম্মত সাহায্য ও গুরুত্বপূর্ণ তথ্যাবলী প্রদান করে থাকে। কমিউনিটি ভিত্তিক ভুক্তভোগী ও ইয়ুথ জাস্টিস সার্ভিস ও আদালত ভিত্তিক উইটনেস সার্ভিসের মাধ্যমে এই পরিষেবাটি স্বেচ্ছাসেবীদের সমন্বয়ে বিনামূল্যে, গোপনীয়তা বজায় রেখে প্রদান করা হয়।

Scotland’s Campaign against Irresponsible Drivers (SCID) (স্কটল্যান্ড্স ক্যাম্পেন এগেনেস্ট ইররেস্পন্সিবল ড্রাইভার (এস সি আই ডি)

SCID সড়ক দুর্ঘটনায় নিহতের পরিবার বা আহত ভুক্তভোগীকে বাস্তবসম্মত ও মানসিক সহায়তা প্রদান করার উদ্দেশ্য পোষণ করে। যারা নিজেরা পূর্বে শোকার্ত হয়েছেন তাদের মাধ্যমেই এই সহায়তা প্রদান করা হয়। নির্দিষ্ট সময় সীমা বেধে না দিয়েই এই সহায়তা প্রদান করা হয়।

Interfaith Scotland (ইন্টারফেইথ স্কটল্যান্ড)

নানা ধর্ম ও বিশ্বাসের মানুষের মধ্যে ধর্মীয়, জাতীয় ও সামাজিক গুরুত্বপূর্ণ বিষয়সমূহ নিয়ে একে অপরের সাথে আলাপ আলোচনার জন্য ইন্টারফেইথ স্কটল্যান্ড একটি ফোরাম তৈরি করে দেয়। ইন্টারফেইথ স্কটল্যান্ড তরুণ সম্প্রদায়, মহিলা, ধর্মীয় সম্প্রদায়, ধর্মীয় নেতা, ইন্টারফেইথ স্কটল্যান্ড ও স্থানীয় ইন্টারফেইথ দলগুলোর সাথে মতবিনিময় সভার আয়োজন করে।

Edinburgh Interfaith Association (EIFA) (এডিনবার্গ ইন্টারফেইথ এসোসিয়েশন (ই আই এফ এ)

EFIA হল একটি দাতব্য সংস্থা যারা এডিনবার্গ ও বৃহত্তর পরিসরে ধর্মীয় সম্প্রদায়ের মধ্যে গভীর আলাপ আলোচনার সুযোগ সৃষ্টি করে আরো কাছা কাছি নিয়ে আসার মধ্য দিয়ে ধর্মীয় সম্প্রীতি, বৈচিত্র্য ও সকলের জন্য সমান সুযোগ সৃষ্টি করে যার ফলশ্রুতিতে এটি পারস্পারিক বোঝাপড়া, আস্থা, সম্মান, সহযোগিতা ও একটি শান্তির বার্তা নিয়ে আসে। তাদের একটি উদ্দেশ্য হল পারস্পারিক ধর্ম বিশ্বাস ও বহু সংস্কৃতির সম্মিলনের ব্যাপারে জনসচেতনতা ও বোঝাপড়া বাড়াতে জনসাধারণের মধ্যে জ্ঞানের প্রসার বৃদ্ধি।

Scottish Council of Jewish Communities (SCoJeC) (স্কটিশ কাউন্সিল অফ জিউস কমিউনিটিস (এস কো জে সি)

দ্য স্কটিশ কাউন্সিল অফ জুইস কমিউনিটিস (এস কো জে সি) হল স্কটল্যান্ডের ইহুদি সম্প্রদায়ের প্রতিনিধিত্বকারী একটি সংস্থা। শিক্ষা, স্বাস্থ্য ও জনকল্যাণমুখী সংস্থাগুলোর মধ্যে তথ্য সরবরাহ ও সহযোগিতা প্রদানের মধ্যে দিয়ে এটি ইহুদী ধর্ম, সংস্কৃতি, ও সম্প্রদায় সম্পর্কে জনসাধারণের জ্ঞান বৃদ্ধিতে কাজ করে। এছাড়াও তারা সরকার ও অন্যান্য সংবিধিবদ্ধ ও সরকারী সংস্থার কাছে স্কটল্যান্ডের ইহুদী সম্প্রদায়ের প্রতিনিধিত্ব করে, এছাড়া মন্ত্রী, স্কটিশ পার্লামেন্টের সদস্য, চার্চ, ট্রেড ইউনিয়নের সাথে লিয়াঁজো বা যোগাযোগ বজায় রাখে, ও ইহুদী সম্প্রদায়ের উপর প্রভাব ফেলে সেসব বিষয়ের উপর কাজ করে। এছাড়া SCoJeC স্কটল্যান্ডে ইহুদী ও অন্যান্য সম্প্রদায়ের মধ্যে মতবিনিময় ও বোঝাপড়ার উন্নয়ন করে এবং সাম্যতা, সু-সম্পর্ক, এবং কমিউনিটি দলগুলোর মধ্যে বোঝাপড়া বৃদ্ধিতে এটি অন্যান্য সংস্থা ও স্টেকহোল্ডারদের সাথে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করে।

Muslim Council of Scotland (মুসলিম কাউন্সিল অফ স্কটল্যান্ড)

মুসলিম কাউন্সিল অফ স্কটল্যান্ড হল স্কটল্যান্ডের মুসলিম সংস্থা, মসজিদ ও প্রতিষ্ঠানগুলোর একটি সম্মিলিত সংগঠন। এটি একটি সদস্যভিত্তিক ছায়া প্রতিষ্ঠান যারা মুসলিম সম্প্রদায়ের বৈচিত্র্যময় সামাজিক ও সাংস্কৃতিক জীবন মানের ধারক ও বাহক। এটি স্বাধীন একটি সংস্থা যারা স্কটল্যান্ডে মুসলমান সম্প্রদায়ের ব্যাপারে পরামর্শ, সহযোগিতা ও সমন্বয় সাধনে কাজ করে। কমিউনিটির মধ্যে বিদ্যমান কর্মকাণ্ডসমূহে হস্তক্ষেপ না করে, সেগুলোকে বাদ না দিয়ে বা বিচ্ছিন্নভাবে না দেখে সকলের উন্নয়ন প্রচেষ্টায় কর্মরত এটি একটি অসাম্প্রদায়িক ও নির্দলীয় সংস্থা।

Age Scotland (এজ স্কটল্যান্ড)

স্কটল্যান্ডের সব বয়োজ্যেষ্ঠ মানুষদের জন্য এজ স্কটল্যান্ড হল একটি শীর্ষস্থানীয় দাতব্য সংস্থা। প্রতিটি মানুষের জীবনের শেষ দিনগুলি যাতে সমৃদ্ধশীল করা যায় সেটি নিশ্চিত করতে এজ স্কটল্যান্ড প্রচার, গবেষণা ও অর্থ সংগ্রহের কাজ করে থাকে। বয়োজ্যেষ্ঠ মানুষদের কথা শোনা, তাদের প্রতি মানুষের মনোভাবের পরিবর্তন ও মোকাবিলা করা, যেখানেই বৈষম্য দেখা দিক না কেন তার বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলা এবং বয়োজ্যেষ্ঠদের প্রতি সকল প্রকারের অত্যাচার দমন সংস্থাটি নিশ্চিত করে। এজ স্কটল্যান্ডের সকল কর্মকাণ্ডের কেন্দ্রবিন্দুতে রয়েছেন বয়োজ্যেষ্ঠ মানুষেরা।